দৈনিক সংবাদ

তারিখ 05 OCT 1988

পৃষ্ঠা ... ৭ কলাম ১ ...

002

# জাতীয় কম্পিউটার বোর্ডের প্রথম বৈঠক অনুষ্ঠিত

জাতীয় কম্পিউটার বোর্ডের প্রথম বৈঠক গত সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী এবং জাতীয় কম্পিউটার বোর্ডের চেয়ারম্যান এম, এ মুনএম বৈঠকে সভাপতিত্ব করেন।

বৈঠকে জাতীয় কম্পিউটার বোর্ড (জাকব)-এর সাংগঠনিক কাঠামো এবং এর কার্য পদ্ধতি নির্ধারণ সম্পর্কে বিশদ আলোচনা হয় ও বোর্ডের কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য ৬ সদস্যের একটি নির্বাহী কমিটি এবং ৮ সদস্যের একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়।

জাতীয় কম্পিউটার বোর্ডের এই প্রথম বৈঠকে ১৯৮৮-৮৯ অর্থ বছরে জাতীয় কম্পিউটার বোর্ডের ... ১ কোটি টাকার বাজেট ...দন করা হয়। খবর তথ্য ...র।